মেহেরপুরে ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতার আবৃত্তিতে প্রথম উযায়ের আযমান

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ আয়োজিত ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় জেলা পর্যায়ে কবিতা আবৃত্তিতে প্রথম স্থান অধিকার করেছে মেহেরপুরের উযায়ের আযমান।

সে প্রতিযোগিতার ‘ক’ বিভাগে (প্রথম থেকে সপ্তম শ্রেণি) অংশ নিয়ে এ কৃতিত্ব অর্জন করে। উযায়ের আযমান মেহেরপুরের জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের তৃতীয় শ্রেণির শিক্ষার্থী এবং মেরিনি ইঞ্জিনিয়ার আবু সালেহ মোহাম্মদ শুভর ছেলে।

এর আগে নজরুল বর্ষ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায়ও মেহেরপুর জেলা পর্যায়ে কবিতা আবৃত্তিতে প্রথম স্থান অধিকার করে সে। পরে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় খুলনায় অংশগ্রহণ করে।

উযায়ের আযমানের এ সাফল্যে তার পরিবার ও শিক্ষাপ্রতিষ্ঠানের সংশ্লিষ্টরা আনন্দিত। তার উজ্জ্বল ভবিষ্যৎ ও আরও সাফল্যের জন্য সবার কাছে দোয়া চেয়েছেন তার পরিবার।